দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 MAR 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# শিক্ষিকার বিরুদ্ধে মানসিক নির্যাতনের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, কিশোরগঞ্জ, ১ মার্চ ॥** এক স্কুল শিক্ষিকার বিরুদ্ধে চলতি এসএসসি পরীক্ষার্থী ফারজানা আক্তারকে পরীক্ষায় ফেল করানোসহ মানসিক নির্যাতনের অভিযোগ করা হয়েছে।

বর্তমানে কিশোরগঞ্জ মডেল গার্লস হাইস্কুলের ওই মেধাবী শিক্ষার্থী জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

এ ব্যাপারে মেয়েটির মা আকলিমা আক্তার মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসকের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। এ সময় জেলা মহিলা পরিষদের সভানেত্রী সুলতানা রাজিয়া, জেলা মানবাধিকার আইনজীবী পরিষদের দফতর সম্পাদক এ্যাডভোকেট হামিদা বেগমসহ অন্যান্য মানবাধিকারকর্মীরা উপস্থিত ছিলেন।

অভিযোগে জানা যায়, গত ২৩ ফেব্রুয়ারি ফারজানা আক্তার আদর্শ শিশু বিদ্যালয়ে গণিত পরীক্ষা শেষে কক্ষের বাইরে তার সহপাঠীদের সঙ্গে হাসি গল্প করছিল। এমন সময় কিশোরগঞ্জ এসভি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের কক্ষ পরিদর্শক নাসিমা আক্তার তার ওপর ক্ষিপ্ত হয়ে ডেকে নিয়ে গালিগালাজ করাসহ ছিনিয়ে নেয় প্রবেশপত্র। পরে পরিদর্শক পরীক্ষার খাতার রোল নম্বর মিলিয়ে দেখে ফেরত দেয়াসহ ফারজানাকে গণিত বিষয়ে নিশ্চিত ফেল করানোর হুমকি দেয়। এতে সে মানসিক আঘাত পায়। খবর পেয়ে মেয়েটির বাবা, মানবাধিকারকর্মী এমএ আকবর প্রথমে বিষয়টি নিয়ে ওই শিক্ষকের কাছে যায়। শিক্ষিকা তার সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। এরপর কেন্দ্র পরিদর্শক এসভি সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহনাজ কবীরের সঙ্গে দেখা করে মেয়ের খাতায় কোন ধরনের সংযোজন-বিয়োজন করা হয়েছে কিনা তা দেখার অনুরোধ করেন। তিনি বিষয়টি এড়িয়ে যান। ঐ অবস্থায় ওই শিক্ষার্থী ২৮ ফেব্রুয়ারি বিজ্ঞান পরীক্ষা অংশ নেয়ার সময় পরীক্ষা কেন্দ্রে মানসিকভাবে ভারসাম্য হারিয়ে ফেলে। পরে তাকে জেলা হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়।